



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৪৭

তারিখঃ ০৬/০২/২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

এক রাতে ১২ মন্দিরের ১৪টি প্রতিমা ভাঙচুরের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের উদ্বেগ

গত ০৫ ফেব্রুয়ারি ২০২৩ ইং তারিখে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত বালিয়াডাঙ্গীতে এক রাতে ১২ মন্দিরের ১৪টি প্রতিমা ভাঙচুর সংক্রান্ত প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রতিবেদনে প্রকাশিত হয় যে, গত শনিবার রাতে উপজেলার ধনতলা ইউনিয়নের আটটি, পাড়িয়া ইউনিয়নের তিনটি ও চাডোল ইউনিয়নের একটি মন্দিরের ওই ১৪টি প্রতিমা ভাঙচুরের ঘটনা ঘটে। রোববার সকালে স্থানীয় লোকজন মন্দিরের প্রতিমাগুলো ভাঙচুরের ঘটনাটি দেখতে পান।

কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেন যে, বাংলাদেশ একটি সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। আমাদের মুক্তি সংগ্রামের মূল চেতনা জাতীয়তাবাদ, ধর্ম নিরপেক্ষতা, গণতন্ত্র ও সমাজতন্ত্র যা পরবর্তীকালে সংবিধানের রাষ্ট্রীয় চার মূলনীতিতে রূপান্তরিত হয়েছে। স্বাধীনভাবে নিজ নিজ ধর্ম পালনের অধিকার সংবিধান স্বীকৃত মৌলিক মানবাধিকার। কিছু কুচক্রী মহল দেশের ভাবমূর্তি বিনষ্ট করার জন্য এসব সাম্প্রদায়িক হামলার ঘটনা ঘটচ্ছে বলে প্রতীয়মান। যা অত্যন্ত নিন্দনীয়। এসব ঘটনায় জড়িতদের আইনের আওতায় এনে যথাযথ শাস্তি প্রদান করা না হলে এসব ঘটনার পুনরাবৃত্তি ঘটবে।

এ অবস্থায়, উক্ত ঘটনায় যে বা যারা জড়িত থাকুক তাদের অনতিবিলম্বে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি কমিশন আহ্বান জানাচ্ছে।

ধন্যবাদান্তে, /-

স্বাক্ষরিত

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ